



পরীমণিকাও আলোচিত সাকলায়েনকে বাধ্যতামূলক অবসর



ছবি: সংগৃহীত

ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) সাবেক অতিরিক্ত উপকমিশনার এবং বর্তমানে অতিরিক্ত পুলিশ সুপার পদে কর্মরত মো. গোলাম সাকলায়েনকে বাধ্যতামূলক অবসরে পাঠিয়েছে সরকার।

বৃহস্পতিবার (১৮ জুন) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে এ সিদ্ধান্ত জানানো হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, চাকরিকালীন আচরণসংক্রান্ত অভিযোগে বিভাগীয় তদন্ত ও পরবর্তী প্রশাসনিক প্রক্রিয়া শেষে তার বিরুদ্ধে এ ব্যবস্থা নেওয়া হয়েছে।

সরকারি নথি অনুযায়ী, ডিবির গুলশান বিভাগে দায়িত্ব পালনকালে চিত্রনায়িকা -এর সঙ্গে তার সম্পর্ক নিয়ে বিভিন্ন সময়ে গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা করা হয়। এ ঘটনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালার আওতায় তার বিরুদ্ধে বিভাগীয় কার্যক্রম শুরু হয়েছিল।

তদন্ত, শুনানি এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মতামত পর্যালোচনার পর অভিযোগ প্রমাণিত হয়েছে বলে সিদ্ধান্তে পৌঁছানো হয়। পরে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের (পিএসসি) পরামর্শ গ্রহণের পর তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানোর সিদ্ধান্ত নেওয়া হয়।

উল্লেখ্য, ২০২১ সালে একটি আলোচিত মামলার তদন্ত চলাকালে গোলাম সাকলায়েনের সঙ্গে চিত্রনায়িকা পরীমণির পরিচয় হয়। পরবর্তী সময়ে তাদের সম্পর্ক নিয়ে ব্যাপক আলোচনা ও বিতর্কের সৃষ্টি হয়েছিল।